রাষ্ট্রীয় সফরে বীর প্রতীক সাইদুর রহমানসহ মুক্তিযোদ্ধা প্রতিনিধি দল ভারতে

মহান মুক্তিযুদ্ধে অসামান্য ভূমিকা পালনকারি আলমডাঙ্গার কৃতি সন্তান বীর প্রতীক সাইদুর রহমান রাষ্ট্রীয় সফরে ভারতে যাচ্ছেন। ভারতে অনুষ্ঠিত বাংলাদেশের বিজয় দিবসের অনুষ্ঠানে ৫ বাহিনির ৬ জন বীর প্রতীকসহ মোট ৩৬ জন ভারত সরকারের আমন্ত্রণে সে দেশে অনুষ্ঠিত বিজয় দিবসের অনুষ্ঠানে যোগদান করবেন।

জানা গেছে, ১৬ ডিসেম্বর ভারতের কলকাতায় বাংলাদেশের বিজয় দিবস উপলক্ষে ৫ দিনব্যাপি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ওই অনুষ্ঠানে যোগ দিতে আমন্ত্রিত হয়েছেন বাংলাদেশের ৫ বাহিনীর ৫ বীর প্রতীকসহ মোট ৩৬ জনের প্রতিনিধি দল।

এদের মধ্যে সেনা বাহিনীর ২ জন, বিমান বাহিনী, নৌবাহিনী, বিজিবি ও পুলিশের ১ জন করে বীর প্রতিক, ৫ জন সেনাবাহিনির কর্মকর্তাসহ অন্যান্য ২৫ জন বিশিষ্ট মুক্তিযোদ্ধা অনুষ্ঠানে যোগ দেবেন। বিজিবি-র প্রতিনিধি হিসেবে বীর প্রতীক সাইদুর রহমান যাচ্ছেন ভারতের রাষ্ট্রীয় আমন্ত্রণে। গত ১২ ডিসেম্বর তিনি ঢাকার উদ্দেশ্যে চুয়াডাঙ্গা ত্যাগ করবেন। সেখানে আনুষ্ঠানিকতা সম্পূর্ণের পর আজ ১৪ ডিসেম্বর সকালে ইনডিয়ান এয়ারলাইন্সে কলকাতার নেতাজী সুভাষ চন্দ্র বোস বিমানবন্দর পৌঁছবেন।

বেলা ১১টায় ভারতের বিমান বাহিনির প্রতিনিধি দল তাদেরকে অভ্যর্থনা জানিয়ে হোটেল তাজ বাংলা হোটেলে পৌঁছে দেবেন। সন্ধ্যায় কলকাতার পেনারসেফ গেটে বাংলাদেশের প্রতিনিধি দলের সাথে ভারতের বিশিষ্ট নাগরিকদের সাক্ষাৎ অনুষ্ঠিত হবে।

১৫ ডিসেম্বর অ্যালবাট এক্কা অডিটরিয়ামে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারি ইন্ডিয়ান আর্মিদের সাথে বাংলাদেশের প্রতিনিধি দলের মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। ওই মতবিনিময় সভায় বাংলাদেশ প্রতিনিধি দলের ৩ জন সদস্যকে সংবর্ধনা প্রদান করা হবে।

১৬ ডিসেম্বর বাংলাদেশের বিজয় দিবসে কলকাতার বিজয় সরণিতে বিজয় দিবসের অনুষ্ঠানে যোগ দেবেন প্রতিনিধি দল।

সকাল ১০টায় কলকাতার ভার্তিকায় ভারতের গণমাধ্যম সাংবাদিকদের সাথে মতবিনিময় অনুষ্ঠিত হবে। সন্ধ্যায় ফোর্ট উইলিয়ামে সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগদান করবেন। সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে আর্মি অফিসার্স ক্লাবের উদ্যোগে বিজয় দিবসের বিশেষ নৈশভোজে যোগ দেবেন।

১৭ ডিসেম্বর সকাল ১০টায় ভিক্টোরিয়া মেমোরিয়াল পরিদর্শন করবেন, বিকেলে জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করবেন। ১৮ ডিসেম্বর প্রতিনিধি দলটি দেশে ফিরবেন।

বীর প্রতীক সুবেদার মেজর (অবঃ) খন্দকার সাইদুর রহমান জীবনবাজী রেখে অকুতভয় এই বীর সেনানী পাকিস্তানি হানাদার বাহিনীকে করেছিলেন পর্যুদস্ত। ১৯৭১ সালের ২৩ মার্চ মুক্তিযুদ্ধে তিনি যশোর ইপিআর সেক্টর হেডকোয়ার্টার্সে পাকিস্তানি পতাকা নামিয়ে বাংলাদেশি পতাকা উত্তোলন করার দুঃসাহস দেখান।

এ অসম সাহসী কর্মকান্ডের ১ দিন পর ২৫মার্চ সকালে তিনি পাকিস্তান বাহিনীর কয়েকজন সেনাকে গুলিবিদ্ধ করেন। এ কারণে তিনি পাকিস্তানি বাহিনীর হাতে আটকও হন। পরে ইপি আর সদস্যরা তাকে দরজা ভেঙ্গে মুক্ত করেন।

৩০ মার্চ পাকিস্তান সেনাবাহিনির ৭২টি কনভয় যশোর প্রবেশ করে। তিনি অ্যান্টি ট্যাঙ্ক বিধ্বংসী কামানের গোলায় সেই বিরাট কনভয়রাশির ভেতর ৫/৭টি ধ্বংস করেন।

৩১ জুলাই জামালপুর জেলার ধামিয়া এলাকায় বীর উত্তম শহীদ ক্যাপ্টেন সালাউদ্দীন মমতাজের নেতৃত্বে তিনি পাকিস্তান বাহিনির মোকাবেলা করেন। সর্বাত্মক সেই যুদ্ধে ৩০/৩৫ জন সেনাবাহিনী ও ইপিআর সদস্য নিহত হন। সেই মরণপণ যুদ্ধের মুহুর্তে তিনি জীবনবাজী রেখে লড়েন। তিনি ১০/১২ জন পাকিস্তানি সেনা নিহত করেন।

কিন্তু নিজের পেটে গুলি লাগে। মারাত্মক আহত তাকে নিয়ে ভর্তি করা হয় ভারতের গোয়াহাটি আর্মি হাসপাতালে। কিছুটা সুস্থ্য হলে দেশে ফিরে সিলেট এলাকায় যুদ্ধে যোগ দেন।
১১ নভেম্বর সিলেটের কানাইঘাটে মেজর (অবঃ) জিয়াউদ্দীনের নির্দেশে পাকিস্থান সেনাবাহিনীর সাথে যুদ্ধে লিপ্ত হন।

পাকিস্তান বাহিনী পেছন দিক থেকে আক্রমন চালালে বেকায়দায় পড়েন মুক্তিবাহিনি। সে সময় মেজর (অবঃ) জিয়াউদ্দীনের নির্দেশে কৌশলে

সকলে সে স্থান ত্যাগ করেন। কিন্তু সাইদুর রহমানসহ ৫ সৈনিকের নিকট সে নির্দেশ পৌঁছে নি।

তিনি বেপরোয়া ভাবে পাকিস্তান সেনাবাহিনীর উপর লাগাতার গুলি চালাতে চালাতে তাদের শরীর মাড়িয়ে পালিয়ে নিরাপদ স্থানে যেতে সক্ষম হয়েছিলেন। পরবর্তিতে তিনি মুক্তিযুদ্ধে ধারাবাহিক বীরত্বের জন্য বীর প্রতীক খেতাব লাভ করেন।

তিনি চুয়াডাঙ্গা জেলার কৃতি সন্তান এবং আলমডাঙ্গার ঘোষবিলা গ্রামের প্রয়াত খন্দকার আব্দুল মজিদের পুত্র।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গার নাগদাহ মাধ্যমিক বিদ্যালয়ের টাকা আত্মসাতের অভিযোগ

আলমডাঙ্গার নাগদাহ মাধ্যমিক বিদ্যালয়ের দুই শিক্ষকের বিরুদ্ধে বিদ্যালয়ের ভর্তি ও ফরম ফিলাপের টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। চলতি বছরে দুই শিক্ষক বিদ্যালয়ের রশিদ ছাড়া টাকা উত্তোলন করে এ টাকা আত্মসাৎ করে বলে অভিযোগ পাওয়া গেছে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার নাগদাহ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক গোলজার হোসেন বাদল ও খায়রুল বাশারের বিরুদ্ধে বিদ্যালয়ের টাকা আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে। বিদ্যালয়ের সহকারী শিক্ষক বকুল হোসেন অভিযোগ করে বলেন, বিদ্যালয়ে জাফর আলী নামে একজন হিসাবরক্ষক নিয়োজিত আছেন।

কিন্তু সহকারি শিক্ষক গোলজার হোসেন বাদল ১৯ শত ৫০ টাকা ও খায়রুল বাশার ৩ হাজার টাকা প্রভাব খাটিয়ে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের কাছে থেকে ভর্তি ও ফরম ফিলাপ বাবদ টাকা উত্তোলন করেন। সেই টাকার কোন হিসাব স্কুলে দীর্ঘদিন না দিলে গত বুধবার স্কুলের হিসাব নিকাশ করতে গিয়ে উক্ত টাকার বিষয়টি ধরা পড়ে।

এবং দুই শিক্ষক টাকা আত্মসাতের বিষয়টি স্বীকার করে উক্ত টাকা ফেরত দেওয়ার অঙ্গীকার করেন।
এ ব্যাপারে অভিযুক্ত গোলজার হোসেন বাদলের সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি। সহকারী শিক্ষক খায়রুল বাশার টাকার বিষয়টি স্বীকার করে বলেন, স্কুলের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের নিয়ে আলোচনার মাধ্যমে ঘটনাটি নিষ্পত্তি করা হয়েছে।

এ ব্যাপারে অত্র স্কুলের প্রধান শিক্ষক আনন্দ কুমার শীল ঘটনার সত্যতা স্বীকার করেন।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গা থানার উদ্যোগে বিজয় দিবস উপলক্ষে হামদ-নাত প্রতিযোগীতা

আলমডাঙ্গা থানা ও চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপারের উদ্যোগে মহান বিজয় দিবস উপলক্ষে হামদ-নাত, কিরাত ও রচনা প্রতিযোগীতা অনুষ্টিত হয়েছে।

গতকাল সকাল সাড়ে ১০টার দিকে উপজেলা মুক্তিযোদ্ধা মঞ্চে অনুষ্টানে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান।

প্রতিযোগীতায় বিচারক হিসেবে উপস্থিত ছিলেন মাওলানা হাফিজুর রহমান, মাওলানা হজরত আলী, আলইকরা ক্যাডেট একাডেমীর অধ্যক্ষ এনামুল হক, মাওলানা আব্দুল হান্নান।

এ ছাড়াও অনুষ্টানে বক্তব্য রাখেন বনিক সমিতির সম্পাদক মীর শফিকুল ইসলাম, ওসি অপারেশন স্বপন কুমার দাস, ইসলামি ফাউন্ডেশনের কর্মকর্তা আরাফাত উল্লাহ, প্রেসক্লাবের সম্পাদক মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, এস আই আসিকুর রহমান প্রমুখ।

প্রতিযোগীতায় অংশ নেয়, আলমডাঙ্গা মাদ্রাসা,পাচকমলাপুর মাদ্রাসা, শ্যামপুর মাদ্রাসা, নওলামারি মাদ্রাসা ও কলাকেন্দ্র।

কেরাত প্রতিযোগীতায় আলমডাঙ্গা মাদ্রাসার ছাত্র মাহমুদুল হাসান প্রথম, একই মাদ্রাসার ইয়াসিন খান দ্বিতীয় এবং পাচঁকমলাপুর মাদ্রাসার ছাত্র আব্দুল হাই তৃতীয় স্থান অধিকার করেছে।

রচনা প্রতিযোগীতায় প্রতিযোগীতায় যারা অংশ নিয়েছে তাদের খাতা দেখা হলে নাম জানানো হবে এবং বিজয় দিবসের দিন বিজয়িদের পুরস্কার দেওয়া হবে।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গার ফরিদপুর গ্রামে তাফছির মহফিল পরবর্তি জরুরি সভা

আলমডাঙ্গার ফরিদপুর গ্রামে তাফছির মহফিল পরবর্তি মন্ডলদের জরুরি সভা অনুষ্টিত হয়েছে।
গত বুধবার বেলা সাড়ে ১১টার দিকে ফরিদপুর স্কুল পাড়া জামে মসজিদ প্রাঙ্গনে এই সভা অনুষ্টিত হয়।
সভায় সভাপতিত্ব করেন বদরদ্দিন ভাদু মন্ডল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ১০ গ্রামের মন্ডল ও আলমডাঙ্গা পৌর সভার সাবেক মেয়র মুক্তিযোদ্ধা এম সবেদ আলী।

তিনি বলেন এটা বিজয়ের মাস, ১৯৭১ সালের এই মাসে আমরা পাকিস্থানিদের পরাজিত করে বিজয় ছিনিয়ে এনেছিলাম। তাই এই বিজয়ের মাসে সকলকে শপথ নিতে হবে, গ্রাম থেকে সন্ত্রাস, বাল্যবিয়ে, জঙ্গিবাদ, মাদকের হাত থেকে যুব সমাজকে রক্ষা করতে পদক্ষেপ নেব। বাল্যবিয়ে দেব না, মাদক বা নেশা করব না, সন্ত্রাস মুক্ত সমাজ গড়ব।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মন্ডল ও সোনালী ব্যাংকের

সিনিয়র প্রিন্সিপাল অফিসার সিরাজুল ইসলাম, এম সবেদ আলী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সিদ্দিকুর রহমান, মন্ডল তাইজাল হোসেন, মন্ডল আ.ফ.ম সিরাজ সামজি, আবুল কাশেম, রিকাত আলী, মানোয়র হোসেন।

মন্ডল ইমদাদুল হক জান্টুর উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন দাউদ জোয়ার্দার, আমজেদ মন্ডল, আতিয়ার মন্ডল, পলান মন্ডল, জগলুল কবির, সুজাউল হক মনা, মতিয়ার রহমান, সাদেক মন্ডল, সোহরাব উদ্দিন, রবিউল হক, আসাদুজ্জামান পানু প্রমুখ।

সভায় সম্প্রতি তাফসির মাফিল পরবর্তি আলোচনা ও উপদেষ্টা মন্ডলির সকল সদস্য, কোষাধক্ষ কমিটি থেকে পদত্যাগ করবেন বলে ঘোষণা দেন এবং অচিরেই নতুন উপদেষ্টা কমিটি সহ পুর্নাঙ্গ কমিটি গঠন করা হবে বলে সিদ্ধান্ত গৃহিত হয়।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গা মহান বিজয় দিবস উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্টিত

আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের উদ্যোগে মহান বিজয় দিবস উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্টিত হয়েছে।

গতকাল সন্ধায় উপজেলা আওয়ামী লীগের দলীয় কার্যলয়ে পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌর কাউন্সিলর মতিয়ার রহমান ফারুকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম, ১নং-ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সোনাউল্লাহ, সম্পাদক কামাল হোসেন, ২নং ওয়ার্ডের সভাপতি দীনেশ কুমার, সম্পাদক ও পৌর

কাউন্সিলর জহুরুল ইসলাম স্বপন।

যুবলীগ নেতা সাইফুর রহমান পিন্টুর উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল ইসলাম, ২নং ওয়ার্ড সভাপতি জাহাঙ্গীর আলম খান, সম্পাদক খন্দকার মজিবুল ইসলাম, ৭ নং ওয়ার্ড সভাপতি দেলোয়ার হোসেন, ৯নং ওয়ার্ড সভাপতি শহিদুল হক মোল্লা, সম্পাদক শাফায়েত আলী, ৮ নং ওয়ার্ড সভাপতি আসমান আলী, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগ নেতা মহসীন কামাল প্রমুখ।

সভায় মহান বিজয় দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসুচি পালনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গা রুইথনপুরে আর পি এল ক্রিকেট লিগের ফাইনাল খেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানার চিৎলা ইউনিয়নের রুইথনপুর স্কুল মাঠে এই লীগের আয়োজন করা হয়।

উক্ত খেলার ফাইনাল ম্যাচটি গতকাল অনুষ্ঠিত হয়েছিল।

উক্ত খেলায় যে দুটি দল অংশগ্রহণ করে লামিয়ার ট্রেডাস স্পোর্টিং ক্লাব ও বন্ধু স্পোর্টিং ক্লাব।

এই খেলায় লামিয়া ট্রেডার্স স্পোটিং ক্লাব ১৭ রানে বিজয়ী হয়।

উক্ত খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার আওয়ামী যুবলীগের কর্ণধর ও আহবায়ক জনাব নঈম হাসান জোয়াদ্দার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক জনাব জিল্লুর রহমান জিল্লু। উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা কৃষকলীগের প্রচার সম্পাদক জনাব মহাসিন রেজা।

উপস্থিত ছিলেন চিৎলা ইউনিয়ন যুবলীগের আহ্বায়ক জনাব এন্তাজুল হক, ইউনিয়ন যুবলীগের যুগ্ন আহবায়ক জনাব রবিউল ইসলাম মল্লিক, মঞ্জুরুল ইসলাম মঞ্জু, শাহ আল ইমরান, হাসানুজ্জামান ছরোয়ার।

আরো উপস্থিত ছিলেন ওয়ার্ড আওয়ামী লীগের সদস্য শহিদুল ইসলাম, বুলবুল ইসলাম, নুরুল ইসলাম, আজিজুল হক, ইদু, আশাবুল প্রমুখ।

প্রধান অতিথি চ্যাম্পিয়ণ দলের হাতে প্রথম পুরস্কার তুলে দেন।

ও বিশেষ অতিথি রানার আপ টিমের হাতে দ্বিতীয় পুরস্কার তুলে দেয়।

উক্ত খেলায় সভাপতি করেন রবিউল ইসলাম মল্লিক। অনুষ্ঠানটি পরিচালনা করেন রোকন ও ডাবলু।

- চিৎলা প্রতিনিধি

আলমডাঙ্গায় ক্লিনিক মালিকসহ তিন জনের ৭ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গায় ভ্রাম্যমান আদালতে ২ জনকে সরকারি জায়গা- ফুটপাত দখল করে ব্যাবসার করার অপরাধে ২ হাজার টাকা জরিমানা করেছে, এবং আলমডাঙ্গার একটি অবৈধ ক্লিনিক মালিক কে ৫ হাজার টাকা জরিমানা ও ক্লিনিক সিলগালা করে দিয়েছে।
গতকাল বেলা ১১টার দিকে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী স্থানীয় সরকার পৌর সভা আইনে আলমডাঙ্গা বাজারের মাছের বাজার, তহহাট, চালের বাজার, ফলের হাটে সরকারি জায়গা দখল করে ব্যাবসা করার কারনে জনদুর্ভোগের সৃষ্টি করার অপরাধে গত এক সপ্তাহ আগে নির্বাহী ম্যাজিষ্ট্রেট হিসেবে সরকারি জায়গা ছেড়ে দিতে সকলে আল্টিমেটাম দিয়ে আসে।
গতকাল এক সপ্তাহ শেষে অভিযান চালিয়ে ১৭ জনকে ২৫ হাজার টাকা জরিমানা করেছিল এবং বাকি ব্যাবসায়িদের ফুটপাত ও সরকারি দখলকৃত জায়াগা ছেড়ে দিতে বলে যান।
গতকাল উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী সকাল ১০ টার দিকে

বাজারে অভিযান চালান। এ সময় হলুদ পটির মীর ক্রোকারিজের মালিক সরকারি জায়গা ও ফুটপাত দখল করে ব্যাবসা করার অপরাধে স্থানীয় সরকার আইনে ভ্রাম্যমান আদালত বসিয়ে তাকে ২ হাজার টাকা জরিমানা করেন।
এ সময় উপস্থিত ছিলেন থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান, বনিক সমিতির সম্পাদক মীর শফিকুল ইসলাম প্রমুখ।
এ ছাড়াও বাজারে বিভিন্ন এলাকা পরিদর্শন করে সকলকে আবারও এক সপ্তাহ সময় দেন, এর মধ্যে সরকারি দখল কৃত জায়গা থেকে মালামাল সরিয়ে নিতে বলেন। বেলা ১১ টার দিকে হারদী সততা ক্লিনিকে অভিযান চালিয়ে তাদের কোন বৈধ কাগজ পত্র না থানায় ক্লিনিকের অপারেশন থিয়েটার সহ ক্লিনিক সিলগালা করে দেন, এবং ক্লিনিক মালিক কে ৫ হাজার টাকা জরিমানা করেন।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় মানবধিকার দিবস উদযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্টিত

আলমডাঙ্গায় মানবধিকার দিবস উদযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।
গতকাল সকাল ১০ টার দিকে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ হলরুমে আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুরমোহাম্মদ জকু, প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি।

উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিনের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারী, নির্বাচন অফিসার এমএজি মোস্তফা ফেরদৌস, যুব উন্নয়ন কর্মকর্তা আনিসুর রহমান, মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, বিআরডিবি কর্মকর্তা শায়লা সারমিন, সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান, খাদ্য কর্মকর্তা মোফাখাইরুল ইসলাম, খাদ্যপরিদর্শক রাকিবুল ইসলাম, প্রকল্প কর্মকর্তা এনামুল হক, শান্তনা খাতুন, প্রশাসনিক কর্মকর্তা মাহাতাব উদ্দিন প্রমুখ।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় ফুটপাত দখলের অপরাধে ১৭ জনকে ২৫ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গায় ভ্রাম্যমান আদালতে ১৭ জনের কাছ থেকে ২৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে। সরকারি জায়গা-ফুটপাত দখল করে ব্যাবসার করার অপরাধে এ জরিমানা করা হয়।

গতকাল বেলা ১১টার দিকে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী স্থানীয় সরকার পৌর সভা আইনে আলমডাঙ্গা বাজারের মাছের বাজার,তহহাট,চালের বাজার,ফলের হাটে সরকারি জায়গা দখল করে ব্যাবসা করার কারনে জনদুর্ভোগের সৃষ্টি হচ্ছে।

গত এক সপ্তাহ আগে নির্বাহী ম্যাজিষ্ট্রেট সরকারি জায়গা ছেড়ে দিতে সকলে আল্টিমেটাম দিয়ে আসে।গতকাল এক সপ্তাহ শেষ হলে আকস্মিক নির্বাহী ম্যাজিট্রেট মোঃ লিটন আলী,এস আই জিয়া সঙ্গিয় ফোর্স সহ মাছ বাজারে ঢুকে ভ্রাম্যমান আদালত বসিয়ে মাছ ব্যাবসায়ি আব্দুল মজিদকে ৫ শত টাকা ও ফুটপাতে থাকা ইলিশ মাছ,

শহিদ ফকির ৫ শত টাকা ও জিয়েল, চ্যাং মাছ,আব্দুর রহিম ৫ শত টাকা ও ইলিশ মাছ,হাসিবুল হক শাবুকে ৫ শত টাকা ও ইলিশ মাছ,নওলা মাছ,চালের

হাটে চাল ব্যাবসায়ি জাহিদুল ২হাজার টাকা ও চালের বস্তা,সেলিম ২ হাজার টাকা,

ফলের দোকানে রবিউল কে ৫ শত টাকা,রাজ্জাক কে ৫ শত টাকা,ও ফলের কার্টুন,মুদি দোকানে লাল মোহাম্মদকে ২ হাজার টাকা,রাহাতকে ২ হাজার টাকা,জুয়েল কে ২ হাজার টাকা,রেজাকে ২ হাজার টাকা,হাসানকে ২ হাজার টাকা,

কাঁচা বাজার মসজিদ মার্কেটের জহুরুল কে ২ হাজার টাকা,বাবুল কে ২ হাজার টাকা,তোফাজ্জেল কে ২ হাজার টাকা,সুবলকে ২ হাজার টাকা মোট ২৫ হাজার টাকা জরিমানা করে।

জব্দকৃত মাছ,চাল,আটা,ফল সব কিছু আলমডাঙ্গার ৮ এতিম খানার এতিমদের মাঝে বিলিয়ে দেওয়া হয়েছে।

- আলমডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুর চুয়াডাঙ্গা সহ বিভিন্ন স্থানে দুর্নীতি বিরোধী দিবস পালিত

গণস্বাক্ষর অভিযান, মানববন্ধন এবং আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে দুর্নীতি বিরোধী দিবস পালিত হয়েছে।

মেহেরপুর জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির উদ্যোগে গতকাল সোমবার এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সামনে অনুষ্ঠিত মানববন্ধন অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা প্রশাসক মো: আতাউল গনি, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল, উপজেলা নির্বাহী অফিসার মো: মাসুদুল আলম, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি আব্দুর রাজ্জাক খান, সাধারণ সম্পাদক মোশাররফ হোসেন, সদস্য নুরুল আহমেদ প্রমুখ।

দুর্নীতি বিরোধী র্যালী শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে আলমডাঙ্গা বালিকা বিদ্যালয়ের হলরুমে সভা অনুষ্টিত হয়।
সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন সমাজ থেকে দুর্নীতি রোধ করতে হলে আমাদের নিজেদের আগে সৎ হতে হবে, কেন দুর্নীতির সাথে আপোষ করা যাবে না। কোন দুর্নীতি বাজদের সহায়তা করা যাবেনা। আজ সকলে শপথ নেন নিজে দুর্নীতি করব না, অন্যকে দুর্নীতি করতে দেব না।

সভায় বিশেষ অতিথি ছিলেন, ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মেদ ডন, মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারী, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, যুব উন্নয়ন কর্মকর্তা আনিসুর রহমান, প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান, মনিরুজ্জামান।

স্বাগত বক্তব্য রাখেন দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি সহকারী প্রধান শিক্ষক আনিসুজ্জান। দুর্নীতি প্রতিরোধ কমিটির সিনিয়র সহ সভাপতি ও প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টুুর উপস্থাপনায় বক্তব্য রাখেন উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সহ সভাপতি মুক্তিযোদ্ধা ওয়াজেদ আলী, সদস্য সাইদ মো: হিরন, ডাক্তার সামসুজ্জোহা শাবু শিক্ষক আলী কদর প্রমুখ।

- প্রতিদিন ডেস্ক